

তারিখ : 21/12/2016

নভেম্বর 10 থেকে ডিসেম্বর 19, 2016 সময়ে ব্যাংকনোটের বন্টন (পরিবেশন)

নভেম্বর 8, 2016 তারিখের মধ্যরাত থেকে ₹ 500 এবং ₹ 1000 মূল্যমানের ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহারের পরবর্তিতে ভারতীয় রিজার্ভ ব্যাংক সাধারণ জনগণের কাছে ব্যাংকগুলির মাধ্যমে বিভিন্ন মূল্যমানের ব্যাংক নোট উপযুক্ত পরিমাণে (সংখ্যায়) সরবরাহ করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছিল।

ব্যাংকগুলির প্রদত্ত তথ্য অনুসারে নভেম্বর 10 থেকে ডিসেম্বর 19, 2016 তারিখ পর্যন্ত সময়ে ₹ 5,92,613 কোটি টাকা জনগণের মধ্যে কাউন্টারের মাধ্যমে বা ATM গুলির মাধ্যমে সরবরাহ করা হয়েছে।

এই সময়ে রিজার্ভ ব্যাংক জনগণের মধ্যে বন্টনের জন্য ব্যাংক এবং তাদের শাখাগুলিকে বিভিন্ন মূল্যমানের মোট 22.6 বিলিয়ন সংখ্যায় নোট পাঠিয়েছে যার মধ্যে আছে 20.4 বিলিয়ন সংখ্যায় স্বল্প মূল্যমানের নোট (₹ 10,20,50 এবং 100 টাকার) এবং 2.2 বিলিয়ন সংখ্যায় উচ্চ মূল্যমানের নোট (₹ 2000 টাকা এবং ₹ 500 টাকার)।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনী: 2016-2017/1602